তারিখ 31 AUG 2016
পৃষ্ঠা ১৬ কলাম ২

দৈনিক আমাদের সময়

কুমিল্লা বিশ্ববিদ্যালয়

# ১ মাসে ১২৬ পরীক্ষা স্থগিত বাড়ছে সেশনজট

এস এম জুবায়ের, কুবি •

কুমিল্লা বিশ্ববিদ্যালয় এক মাস ধরে অনির্দিষ্টকালের জন্য বন্ধ রয়েছে। এ অনির্দিষ্টকালের বন্ধের জন্য সেশনজটের কবলে পড়ছে শিক্ষার্থীরা। বন্ধ বাড়ার সঙ্গে সঙ্গে সেশনজটের পাল্লাও বাড়ছে। এরই মধ্যে গত সোমবার পর্যন্ত ১২৬টি পরীক্ষা স্থগিত করা হয়েছে। বিশ্ববিদ্যালয় কবে খোলা হবে তা কেউ বলতে পারছে না।

বিশ্ববিদ্যালয়ের উপ-পরীক্ষা নিয়ন্ত্রক মো. নুরুল করিম চৌধুরী জানান, গত ১ আগস্ট থেকে এ পর্যন্ত বিভিন্ন বিভাগের স্নাতকের বিভিন্ন সেমিস্টারের ১০৩টি ও স্নাতকোত্তরের ২৩টি চূড়ান্ত পরীক্ষা স্থগিত হয়েছে। ১২৬টি চূড়ান্ত পরীক্ষা স্থগিত হওয়ায় সামনেই বড় ধরনের সেশনজটের অপেক্ষা করছে এমনটি মনে করেন শিক্ষার্থীরা।